

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং ১২.০২.০০০০.০১৯.১৬.০০৩.২২.৪০

তারিখঃ ২০/১০/২০২৫খ্রিঃ।


বিষয়ঃ হিমাগারে আলু সংরক্ষণ (খাবার ও বীজ) এবং পাক্ষিক ভিত্তিতে আলু খালাস ও হিমাগার গেটে বিক্রয়কৃত আলুর প্রতি কেজির গড় মূল্য'র তথ্য প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্য হতে সারা দেশে হিমাগারের সংখ্যা, অবস্থান, ধারণক্ষমতা ও হিমাগারসমূহে আলু সংরক্ষণ ও খালাসের পরিমাণের (খাবার ও বীজ আলু) সার্বিক চিত্র নিয়ে বাৎসরিক/মাসিক প্রতিবেদন প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত প্রতিবেদনটি কৃষি মন্ত্রণালয়সহ অন্যান্য গুরুত্বপূর্ণ সংস্থায় প্রেরণ করা হয়। উক্ত প্রতিবেদন জাতীয় পর্যায়ে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গত ০৭ আগস্ট ২০২৫ তারিখ বাণিজ্য মন্ত্রণালয়ে “আলুর বাজারমূল্য সরবরাহ ও কোল্ড স্টোরেজে সংরক্ষণসহ সার্বিক পরিস্থিতি” বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সারা দেশে কোল্ড স্টোরেজে আলু মজুদ, পাক্ষিক ভিত্তিক আলু খালাস এবং কোল্ড স্টোরেজ থেকে বিক্রয়কৃত (কেজি প্রতি) আলুর মূল্য কৃষি মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়ে পাক্ষিক ভিত্তিতে প্রেরণের সিদ্ধান্ত হয়।

২। এ প্রেক্ষিতে সারাদেশের হিমাগারে খাবার ও বীজ আলু মজুদ এবং পাক্ষিক ভিত্তিতে আলু খালাস ও হিমাগার থেকে বিক্রয়কৃত প্রতি কেজি আলুর গড় মূল্য'র প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত সদর দপ্তর হতে **Excel** ডকুমেন্টে একটি ‘ছক’ প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত ‘ছক’টি (ব্যবহারের প্রয়োজনীয় নির্দেশনা/নিয়মাবলীসহ) সফট কপি ই-মেইলে আপনার কার্যালয়ে প্রেরণ করা হলো। **ই-মেইলে প্রেরিত ফাইলটি ডাউনলোড করে ছক অনুযায়ী তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এখন থেকে প্রেরিত Excel ডকুমেন্ট ফাইলের ‘ছক’ ব্যতীত অন্য কোনো ছক/ডকুমেন্ট ফাইল গ্রহণযোগ্য হবে না।**

এমতাবস্থায়, হিমাগারে আলু সংরক্ষণ, পাক্ষিক ভিত্তিক (সংরক্ষিত আলু থেকে) আলু খালাস এবং হিমাগার থেকে বিক্রয়কৃত আলুর প্রতি কেজির গড় মূল্য'র তথ্য প্রেরিত **Excel** ডকুমেন্ট ফাইলের ছক পূরণপূর্বক যথাসময়ে (প্রথম পাক্ষিক- ০১ তারিখ হতে ১৫ তারিখ পর্যন্ত তথ্য ২০ তারিখের মধ্যে এবং দ্বিতীয় পাক্ষিক পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে) সফটকপি সদর দপ্তরে (damhimagar@gmail.com) ই-মেইলে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ‘ছক’।


মোহাম্মদ রেজা আহমেদ খান
উপপরিচালক
গবেষণা শাখা
ফোনঃ ০২-৫৫০২৮৩৯১
ই-মেইলঃ rezaahmed@gmail.com

- ১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, (হিমাগার সংশ্লিষ্ট সকল জেলা),
- ২। কৃষি বিপণন কর্মকর্তার, কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, (হিমাগার সংশ্লিষ্ট সকল জেলা),

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
(এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)